



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫১৮/মাধ্য-পরী/২০০১/৬৫৭

তারিখ : ১৮/০৬/২০১৯ খ্রি:

বিষয়: ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ২৫/০৬/২০১৯ ও ২৬/০৬/২০১৯ তারিখ

সময় : সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত

একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণের স্থান : ৪ নং ভবনের ৭ম ও ৮ম তলা

জেলাওয়ারী বিতরণের তারিখ:

ক্রমিক	জেলার নাম	বিতরণের তারিখ
১	ফরিদপুর, জামালপুর, , রাজবাড়ী, গোপালগঞ্জ, নরসিংদী, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা ও মানিকগঞ্জ	২৫/০৬/২০১৯
২	ঢাকা মহানগর, ঢাকা জেলা, মুন্সিগঞ্জ, মাদারীপুর, নারায়ণগঞ্জ, , টাংগাইল, শরীয়তপুর ও গাজীপুর	২৬/০৬/২০১৯

তিনি নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের (শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না) মাধ্যমে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন সময়ে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে তাঁর বিদ্যালয়ের একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিজের বা তাঁর প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সিদ্ধান্তের কপি অথবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য আবেদনের উপর বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে, অন্যথায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা সম্ভব হবে না। একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের পর কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭ (সাত) দিনের মধ্যে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংশোধন করে নিতে হবে।

বিঃদ্র: বর্ণিত তারিখ সমূহে বোর্ড কর্তৃক নির্ধারিত ইআইআইএন/প্রতিষ্ঠান ভিত্তিক অফিসিয়াল মোবাইল সিম সরবরাহ করা হবে।

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।